

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 27-01-2026**

**Time: 07:35-07:40 PM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**President 'At Home' :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল ৭৭তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাষ্ট্রপতি ভবনে At Home সংবর্ধনার আয়োজন করেন। ইউরোপীয় কাউন্সিলের সভাপতি আন্টোনিও কোস্তা, ইউরোপীয় কমিশনের সভাপতি উরসুলা ভন ডের লেইন, উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ এই সংবর্ধনায় উপস্থিত ছিলেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে রাষ্ট্রপতি মুর্মু বলেছেন, অতিথিরা অনুষ্ঠান চলাকালীন প্রদর্শিত উত্তর-পূর্ব রাজ্যগুলির প্রাণবন্ত সাংস্কৃতিক উপাদানের পাশাপাশি তাদের রন্ধনপ্রণালী উপভোগ করেছেন।

\*\*\*\*\*

**At Home Programme :**

৭৭তম প্রজাতন্ত্র দিবস উদযাপনের অঙ্গ হিসেবে গতকাল আগরতলার লোক ভবনে অ্যাট হোম অনুষ্ঠান আয়োজিত হয়। এতে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, রাজ্যপাল পত্নী রেণুকা নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, সাংসদ রাজীব ভট্টাচার্য, ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এম.এস রামচন্দ্র রাও, বিচারপতি টি. অমরনাথ গৌড়, মুখ্যসচিব জে.কে.সিনহা রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

**Tribal Folk dance competition-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন বর্তমান সরকার রাজ্যের প্রতিটি জনজাতি গোষ্ঠী এবং উপগোষ্ঠীর উন্নয়নের লক্ষ্যে নানা পরিকল্পনা

গ্রহণ করেছে। গতকাল জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে রবীন্দ্র ভবনে আয়োজিত রাজ্যভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতায় পুরস্কার প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন।

##### Byte-CM #####

তিনি বলেন, আধুনিক জীবনযাত্রার পাশাপাশি নিজেদের কৃষ্টি সংস্কৃতিকে রক্ষায় জনজাতি যুব সম্প্রদায়কে সব সময় সজাগ থাকতে হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, মুখ্য সচিব জে কে সিনহা। উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া, জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস প্রমুখ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থানাধিকারীদের হাতে পুরস্কার তুলে দেন।

\*\*\*\*\*

#### **Shubhanshu Shukla :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল ৭৭ তম সাধারণতন্ত্র দিবসে সশস্ত্র বাহিনীর ৭০ জন সৈনিককে বীরত্বের জন্য পুরস্কার প্রদান করেছেন। মরণোত্তর পুরস্কার দেওয়া হয়েছে ৬ জনকে। আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে যাওয়া প্রথম ভারতীয় মহাকাশচারী বায়ুসেনার গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লাকে, দেশের সর্বোচ্চ শান্তিকালীন বীরত্ব সম্মান, অশোক চক্র প্রদান করা হয়।

\*\*\*\*\*

#### **Bharat Parv 2026 :**

লোকসভার স্পিকার ওম বিড়লা এবং কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত গতকাল নয়াদিল্লির লালকেল্লায় ছয় দিনের জাতীয় সংস্কৃতি ও পর্যটন উৎসব ভারত পর্ব ২০২৬ উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে ওম বিড়লা বলেন এই উৎসব ভারতের সাংস্কৃতিক ঐতিহ্যকে শক্তিশালী করার জন্য একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে। মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত উল্লেখ করেন এই উৎসবের মাধ্যমে দর্শনার্থীরা দেশের ঐতিহ্য,

লোকশিল্প, কারুশিল্প, রন্ধনপ্রণালী এবং পর্যটন কেন্দ্র সম্পর্কে আরও গভীরভাবে উপলব্ধি করতে পারবেন, যার ফলে জাতীয় ঐতিহ্যের সাথে মানুষের সংযোগ আরও দৃঢ় হবে।

\*\*\*\*\*

#### **Rajib Bhattacharjee :**

হাটিকালচার সোসাইটি অব ত্রিপুরার উদ্যোগে গতকাল আগরতলা রবীন্দ্র কাননে ৪০তম বার্ষিক পুষ্প প্রদর্শনী এবং প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানের উদ্বোধন করেন সাংসদ রাজীব ভট্টাচার্য। উপস্থিত ছিলেন রাজ্যের পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। রাজ্যের বিভিন্ন এলাকা থেকে প্রদর্শনীতে বিভিন্ন প্রজাতির ফুল ও পাতাবাহার নিয়ে অংশগ্রহণ করা বিজয়ীদের পুরস্কৃত করা হয়।

\*\*\*\*\*

#### **TSR Award :**

নাগাল্যান্ডের কোহিমায় আয়োজিত প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজে প্রথম পুরস্কার পেয়েছে রাজ্যের টিএসআর এর দশম ব্যাটেলিয়ান। পুলিশ সদর দপ্তরের মুখ্য জনসংযোগ আধিকারিক রাজদীপ দেব এই খবর জানিয়েছেন।

\*\*\*\*\*

#### **Dhaleswari Utsab-Rajib :**

সাংসদ রাজীব ভট্টাচার্য গতকাল আগরতলার ক্ল লোটাস ক্লাব প্রাঙ্গণে ৭৭তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে আয়োজিত ‘ধলেশ্বরী উৎসব’-এর সমাপনী অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে এলাকার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ কৃতী শিক্ষার্থীদের সম্মাননা জানানো হয়।

\*\*\*\*\*

#### **Walk For Peace :**

বিশ্ব শান্তির লক্ষ্যে সার্কমের মনুবনকুল থেকে শুরু হওয়া বিশ্বশান্তি পদযাত্রা গতকাল বাইথোড়ার মহামুনি বৌদ্ধ বিহার থেকে মনপাথরের অলয়ছড়া বৌদ্ধ বিহারে এসে পৌঁছেছে। থাইল্যান্ড সহ ভারতের বিভিন্ন রাজ্য ও ত্রিপুরার বৌদ্ধ ভিক্ষুরা এই পদযাত্রায় অংশ নিয়েছেন। এই শান্তি পদযাত্রা আগামী ৩১শে জানুয়ারি আগরতলায় গিয়ে শেষ হবে।

\*\*\*\*\*

#### **Book Release :**

গতকাল প্রজাতন্ত্র দিবসে আইনি সচেতনতার উপর বই প্রকাশ করেছেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়। আগরতলায় রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের হলঘরে আয়োজিত এই অনুষ্ঠানে সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানান, পাঁচজন জুডিশিয়াল অফিসারের আইনি সচেতনতার উপর বিভিন্ন বিষয় নিয়ে বইটি প্রকাশ করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*